

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গত ২৭-০৪-২০১৬ তারিখে বেলা ১০.০০ ঘটিকায় যুগ্ম সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাসম ও এর অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় আইসিটি নীতিমালা-২০১৫ এ বাস্তবায়ন অগ্রগতি, ইনোভেশন কার্যক্রম, আইসিটি জনবল ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ইনোভেটিভ ধারণাগুলোতে যাতে নতুনত্ব, কার্যকারিতা, তাৎপর্যময়তা এবং বাস্তবায়নযোগ্যতার প্রতিফলন এবং মন্ত্রণালয় ও সংস্থাসমূহের good practice সমূহের নিয়মিত চর্চার বিষয়ে আলোচনা করা হয়।

২। সভায় পাসম এর প্রোগ্রামার আইসিটি নীতিমালা-২০১৫ ছাড়াও ই-সার্ভিস, ইউনিকোড ব্যবহার ইত্যাদি বিষয় উপস্থাপন করেন।

৩। সিদ্ধান্তঃ

ক) আইসিটি নীতিমালা ২০১৫ এর স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী প্রতিটি বিষয়ের অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রেরণ করতে হবে। প্রতিবেদনে বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নে সমস্যা পরিলক্ষিত হলে তা মন্ব্য কলামে লিখতে হবে। আইসিটি নীতিমালা ২০১৫ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তিন মাস অন্তর (জানু-মার্চ, এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর, অক্টোবর-ডিসেম্বর) এ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে।

খ) পাসম এর সকল কর্মকর্তাগণকে ইনোভেটিভ আইডিয়া প্রদানের জন্য চিঠি দিতে হবে।

গ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড মাঠ পর্যায় পর্যন্ত ইনোভেটিভ আইডিয়া প্রদানের জন্য চিঠি দিবে এবং মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আগামী ৩ মাসের মধ্যে প্রতিটি জোনে ইনোভেশন টিম ও সকল কর্মকর্তাগণের সমন্বয়ে ১টি করে সেমিনার / কর্মশালার আয়োজন করবে।

ঙ) প্রত্যেক সংস্থার ওয়েবসাইট কর্মকর্তাগণ এবং ফোকাল পয়েন্টগণের নাম, ফোন ও ই-মেইল ঠিকানাসহ অন্যান্য বিষয়ে হালনাগাদ থাকতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয় সংস্থাগুলোকে ১৫ কর্মদিবসের মধ্যে পত্র প্রদান করবে।

চ) ওয়ারপো আইসিটির শূন্য পদ পূরণ এবং জেআরসি আইসিটি পদ সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

- ছ) দাপ্তরিক কাজ সহজীকরণ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের ইনোভেটিভ আইডিয়া প্রতি মাসে প্রেরণ করতে হবে এবং ইনোভেশন ফান্ডের জন্য এটুআই প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।
- জ) পরবর্তী ইনোভেশন টিমের সভায় মন্ত্রণালয়ের তথ্য অধিকার আইনের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো যেতে পারে।
- ঝ) দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে আগামী ১ মাসের মধ্যে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। মন্ত্রণালয় থেকে আবারও তাগিদ পত্র প্রদান করতে হবে।
- ঞ) ইনোভেশন টিমের বার্ষিক পরিকল্পনা তৈরি করতে হবে। পাসম এর আইসিটি শাখা এ ব্যাপারে একটি গাইডলাইন তৈরি করবে।
- ট) মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহে সেবা পদ্ধতি সহজীকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক বিষয়াদি অন্তর্ভুক্ত করে বিদ্যমান কোর্স কারিকুলাম হালনাগাদকরণ এবং প্রয়োজনবোধে নতুন নতুন সংক্ষিপ্ত কোর্স প্রণয়ন নিশ্চিত করতে হবে।
- ঠ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পাইলট প্রকল্পের উপর একটি রাইট আপ তৈরী করবে।
- ড) ইনোভেশন সভায় CEGIS কে আমন্ত্রণ জানাতে হবে।

৪। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩০/০৪/২০১৬
(মোঃ মোশাররফ হোসেন)
যুগ্মসচিব (প্রশাসন-১)
ও
চীফ ইনোভেশন অফিসার

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম	পদবী ও ঠিকানা
১	মোঃ মোফাজ্জল হোসেন	পরিচালক, যৌথ নদী কমিশন
২	কৃষ্ণা চন্দ্র ভদ্র	সিএসও, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৩	আরিফ ইকরামুল আজিম	সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪	এ এইচ এম তাজুল ইসলাম	আইসিটি ম্যানেজার, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং
৫	মোঃ নুরুল আমিন	পরিচালক, বাংলাদেশ হাওড় ও জলভূমি উন্নয়ন বোর্ড
৬	নন্দিতা সরকার	উপসচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
৭	মোহাঃ ইউসুফ হারুন খান	প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়
৮	মোঃ শহীদুল্লাহ কায়সার	সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়